

এই গাইডে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্পর্কিত সংবেদনশীল তথ্য থাকতে পারে

গাইড ৫: পর্যবেক্ষণ ও অনুবর্তিতা - নিরাপদ ও কার্যকর করার জন্য কিভাবে ঐচ্ছিক সাহায্যকৃত মরণ আমাদের পর্যবেক্ষণ করা উচিত?

আমরা আপনার মতামত জানতে চাই কিভাবে আমরা নিশ্চিত করতে পারি যে এনটিতে ব্যক্তিবিশেষ ও পেশাদার স্বাস্থ্যকর্মীদের জন্য ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সঠিক রক্ষাকবচ আছে।

পেশাদার স্বাস্থ্যকর্মীদের দ্বারা রিপোর্ট করা

পেশাদার স্বাস্থ্যকর্মীদের কোন ব্যক্তিকে ঐচ্ছিক সাহায্যকৃত মরণে সাহায্য করায় তাদের ভূমিকা সম্বন্ধে আমাদেরকে কী বলা প্রয়োজন?

অস্ট্রেলিয়ার অন্যান্য স্টেটে, পেশাদার স্বাস্থ্যকর্মীগণ আইন মেনে চলছেন তা নিশ্চিত করার জন্য ভিএডি প্রক্রিয়ার প্রত্যেক পর্যায়ে পেশাদার স্বাস্থ্যকর্মীদেরকে তথ্য সরবরাহ করতে হয়। ভিএডি কিভাবে সম্প্রদায়ে কাজ করছে তার মূল্যায়ন করতেও এটা তথ্য দান করতে পারে। উদাহরণ স্বরূপ, যখন কোন ব্যক্তি কোন পেশাদার স্বাস্থ্যকর্মীকে বলেন যে তিনি ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পেতে চান, অথবা যখন কোন পেশাদার স্বাস্থ্যকর্মী কোন ব্যক্তিকে মৃত্যুর জন্য ভিএডি দ্রব্য দেন, পেশাদার স্বাস্থ্যকর্মীদেরকে ফরম দাখিল করতে হয় যা প্রত্যেক পদক্ষেপ রেকর্ড করে।

পেশাদার স্বাস্থ্যকর্মীগণ আইন অনুসরণ করছেন তা পরীক্ষা করা

এনটিতে পেশাদার স্বাস্থ্যকর্মীগণ যে আইন মেনে চলছেন তা আমরা কিভাবে পরীক্ষা করব?

অস্ট্রেলিয়ার কোন কোন স্টেটে, কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর দাখিল করা প্রত্যেকটি রিপোর্ট একটি স্বাধীন সংস্থা পর্যালোচনা করে, এবং সংস্থার রিপোর্টটি অনুমোদন না করা পর্যন্ত কোন ব্যক্তি অবশ্যই ভিএডি প্রক্রিয়ার পরবর্তী পদক্ষেপে অগ্রসর হবেন না। এটা সব লোক আইন অনুসরণ করছে তা ঘনিষ্ঠভাবে পরীক্ষা করার প্রক্রিয়ার মাধ্যমে হতে পারে, কিন্তু এটা প্রক্রিয়াকে মন্থরও করতে পারে এবং কোন ব্যক্তির ঐচ্ছিক সাহায্যকৃত মরণ পাওয়া কঠিনতর করতে পারে।

অন্যান্য স্টেটে, কোন স্বাধীন সংস্থা শুধু পেশাদার স্বাস্থ্যকর্মীর দাখিল করা রিপোর্টগুলি প্রতি কয়েক সপ্তাহে বা মাসে পর্যালোচনা করে। এ ক্ষেত্রে, কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর ভিএডি প্রক্রিয়ার পরবর্তী পদক্ষেপে অগ্রসর হতে অনুমোদনের জন্য অপেক্ষা করার প্রয়োজন নাই।

যোগ্যতার সিদ্ধান্ত পর্যালোচনা

আপনি কি মনে করেন কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর সিদ্ধান্ত কোন ব্যক্তি ভিএডি পাওয়ার যোগ্য বা যোগ্য নয় তা কোন ট্রাইবুনাল, কোর্ট বা অন্য সংস্থা দ্বারা পর্যালোচনা করতে সক্ষম হওয়া উচিত?

কেউ আইন ভঙ্গ করলে তার পরিণতি

এনটিতে কোন ব্যক্তি ভিএডি সম্পর্কিত আইন ভঙ্গ করলে কী পরিণতি হওয়া উচিত?

অস্ট্রেলিয়ার অন্যান্য স্টেট এগুলিকে অপরাধ বানিয়েছে:

- কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্পর্কে মিথ্যা রিপোর্ট দাখিল করা
- কোন পেশাদার স্বাস্থ্যকর্মীর ঐচ্ছিক সাহায্যকৃত মরণ সম্পর্কে রিপোর্ট দাখিল করার ব্যর্থতা

- কোন পেশাদার স্বাস্থ্যকর্মী যিনি ভিএডি আইনের কোন অংশ ভঙ্গ করেন
- আইনসম্মত ভিএডি প্রক্রিয়ার বাইরে কারো কোন ব্যক্তিকে ভিএডি দ্রব্য ব্যবহারে সাহায্য করা
- কারো কোন ব্যক্তিকে অসংভাবে ভিএডি দ্রব্য ব্যবহারে রাজি করানো

কোন ব্যক্তির যদি কোন পেশাদার স্বাস্থ্যকর্মী সম্বন্ধে উদ্বেগ থাকে, বা বিশ্বাস করেন যে কোন পেশাদার স্বাস্থ্যকর্মী আইন ভঙ্গ করেছেন, কোন কোন স্টেট তাকে অস্ট্রেলিয়ান হেল্থ প্রাক্টিশনার রেগুলেশন এজেন্সিকে জানানোর অনুমতিও দেয়। এটা সেই এজেন্সি যা বিশেষ ধরনের পেশাদার স্বাস্থ্যকর্মীদের সম্বন্ধে আইন তৈরি করে ও প্রয়োগ করে।

ভিএডি দ্রব্যের অপব্যবহার হতে জনগণকে রক্ষা করা

আমরা জানতে চাই কিভাবে আপনি মনে করেন আমরা এনটিতে জনগণকে ভিএডি দ্রব্যের অপব্যবহার হতে রক্ষা করতে পারি।

কোন ভিএডি দ্রব্য কোন ব্যক্তির মৃত্যু ঘটানোর জন্য কোন ডাক্তারের ব্যবস্থাপত্র দেয়া গুণধা। আমাদের সম্প্রদায়কে রক্ষা করার জন্য আমাদের রক্ষাকবচ প্রয়োজন এবং দ্রব্যটি চরম যত্ন ও সতর্কতার সঙ্গে পরিচালনা নিশ্চিত করা, এবং অপব্যবহার না করা। আমরা বাধাও এড়াতে চাই যা কোন ব্যক্তির জন্য দ্রব্যের ব্যবহার অতি কঠিন করে যখন তারা যোগ্য এবং প্রস্তুত।

অস্ট্রেলিয়ার অন্যান্য স্টেট এটা করে এর দ্বারা:

- পেশাদার স্বাস্থ্যকর্মী ও ফার্মাসিস্টদের দ্রব্য সম্বন্ধে তথ্য সরবরাহ প্রয়োজন করে
- পেশাদার স্বাস্থ্যকর্মী ও ফার্মাসিস্টদের দ্রব্য সম্বন্ধে ব্যক্তিটিকে সতর্কতা দান করা প্রয়োজন করে
- ফার্মাসিস্টদের রেকর্ড রক্ষার জন্য ফরম পূরণ করা প্রয়োজন করে
- দ্রব্যটি তালাবদ্ধ বাজে রাখা প্রয়োজন করে
- কোন অব্যবহৃত দ্রব্য ফেরত দেয়া ও একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে বিনষ্ট করা প্রয়োজন করে
- দ্রব্যটির অপব্যবহার ও অপপরিচালনাকে একটি অপরাধ বানিয়ে

অস্ট্রেলিয়ার কোন কোন স্টেট আরো চায় যে পেশাদার স্বাস্থ্যকর্মীগণ ভিএডি দ্রব্য ব্যবস্থা করার জন্য পারমিটের আবেদন ও গ্রহণ করুন, ফার্মাসিগুলিকে অনুমোদিত হতে হবে, এবং ফার্মাসিস্টদের কোন ব্যক্তির পরিচিতি যাচাই ও রেকর্ড করা প্রয়োজন হবে। টেরিটোরিতে আমরা কি এই পথ গ্রহণ করব?

ভিএডি সম্বন্ধে আরো জানতে ও আপনার ইনপুট শেয়ার করতে, cmc.nt.gov.au/vad এ যান